ইমপ্রুভিং ওয়েলবীইং অব দ্য চাইল্ড ওয়েস্ট পিকারস্
অব মাতুয়াইল ডাম্প সাইট ইন ঢাকা সিটি

(ঢাকা শহরের মাতুয়াইল আবর্জনা স্তুপের বর্জ্যজীবী শিশুদের
কল্যাণ ও জীবনমানের উন্নয়ন প্রকল্প)

# প্রশিক্ষণ সহায়িকা


## গ্রামবাংলা উন্নয়ন কমিটি

বাড়ি নং ৯৩, রোড নং ১, মোহাম্মদীয় হাউজিং সোসাইটি
মোহাম্মদপুর, ঢাকা ১২০৭
ই-মেইল: grambangla@yahoo.com
ওয়েবসাইট: grambanglabd.org



আগস্ট, ২০১৬

# বর্জ্যজীবী শিশুর কল্যাণ ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গ্রামবাংলা উন্নয়ন কমিটি

এ কে এম মাকসুদ
নির্বাহী পরিচালক

# শিশুর লালন-পালন ও শিশুর বিকাশ সংক্রান্ত

## এক দিনের প্রশিক্ষণ কার্যক্রম

# প্রশিক্ষণ সহায়িকা

# শিশুর লালন-পালন ও শিশুর বিকাশ সংক্রান্ত
# এক দিনের প্রশিক্ষণ কার্যক্রম

---

**প্রশিক্ষণ কর্মশালার উদ্দেশ্যাবলী:**

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ-

১. শিশুর লালন-পালন ও শিশুর বিকাশের গুরুত্ব সম্পর্কে জানতে পারবেন।
২. শিশুর লালন-পালন ও শিশুর বিকাশ সংক্রান্ত কোন্‌টি করণীয় এবং কোন্‌টি বর্জনীয় সে বিষয় সম্পর্কে জানতে ও বুঝতে পারবেন।
৩. পরিবারের মধ্যে শিশুর লালন-পালন ও পরিবারের বাইরে বর্জ্যজীবী সমাজে শিশুর বিকাশে কার কী দায়িত্ব রয়েছে সে বিষয়ে অবগত হতে পারবেন।
৪. শিশুর লালন-পালন ও শিশুর বিকাশের লক্ষ্যে সম্ভাব্য চ্যালেঞ্জ সম্পর্কে অবগত হতে পারবেন।
৫. শিশুর লালন-পালন ও শিশুর বিকাশের দক্ষতা অর্জন করতে পারবেন ও অন্যান্য বর্জ্যজীবীদেরকে এ বিষয়ে সহায়তা করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি:

- অংশগ্রহণমূলক আলোচনা
- দলগত কাজ
- অভিজ্ঞতা বিনিময়

প্রশিক্ষণ উপকরণ:

- প্রশিক্ষণ সহায়িকা
- পোস্টার

প্রশিক্ষণ সরঞ্জামাদি:

- ফ্লিপ চার্ট স্ট্যান্ড/ ইজেল বোর্ড
- পোস্টার পেপার
- মার্কার
- মাস্কিং টেপ
- ব্যানার ও ফেস্টুন

**প্রশিক্ষণ কর্মশালার সহায়কের জন্য নির্দেশনামা:**

প্রতিটি সেশনের শুরুতে প্রশিক্ষণ সহায়ক নিশ্চিত হবেন যেন কর্মশালা পরিচালনার জন্য প্রয়োজনীয় উপকরণ ও সরঞ্জামাদি পূর্বে থেকেই প্রস্তুত থাকে।

**প্রশিক্ষণ কর্মশালার সহায়কের জন্য করণীয়:**

- প্রশিক্ষণের জন্য প্রস্তুতি নিন ও নিজেকে সংগঠিত করুন।
- নিজে বেশী না বলে প্রশিক্ষণার্থীদেরকে তাদের কথা বলতে দিন। সকলকে কথা বলার সুযোগ দিন।
- প্রশিক্ষণার্থীদের ব্যাপারে শ্রদ্ধাশীল ও নমনীয় হোন। কোন অবস্থায়ই তাদের উপর বিরক্তি প্রকাশ করা যাবে না।
- প্রশিক্ষণার্থীদের মাঝে আলোচনার বিষয়ে আগ্রহ সৃষ্টি করুন। কখনোই প্রশিক্ষণার্থীদের উপর নিজের মতামত চাপিয়ে দিবেন না।
- প্রশিক্ষণের সময় মেনে চলুন, অন্যরাও যেন এটি মেনে চলেন সেদিকে দৃষ্টি রাখুন।
- সহজ ভাষায় সুন্দর করে কথা বলুন।
- মনোযোগ সহকারে প্রশিক্ষণার্থীদের কথা শুনুন ও ভালো শ্রোতা হোন।
- প্রয়োজনে উদাহরণ দিন ও প্রশিক্ষণার্থীদের কাছ থেকে তাদের নিজ নিজ অভিজ্ঞতা শুনুন।

# শিশুর লালন-পালন ও শিশুর বিকাশ সংক্রান্ত এক দিনের প্রশিক্ষণ কার্যক্রম

## প্রশিক্ষণ সূচি

| সময় | প্রশিক্ষণের আলোচ্য বিষয় | প্রশিক্ষণ পদ্ধতি | প্রশিক্ষণের উপকরণাদি | সহায়ক |
|---|---|---|---|---|
| ০৯.০০ | অংশগ্রহণকারীদের নাম নিবন্ধন | | নিবন্ধনের ছক | |
| ০৯.১৫ | প্রারম্ভিক সেশন:<br>• স্বাগত বক্তব্য ও পরিচয় পর্ব, জড়তা মোচন<br>• প্রশিক্ষণের আচরণবিধি ও অংশগ্রহণকারীদের কাছ থেকে প্রত্যাশা | অংশগ্রহণমূলক আলোচনা /প্রশ্ন-উত্তর; | পোস্টার পেপার মার্কার/মাস্কিং টেপ | |
| ১০.০০ | **সেশন-১:**<br>• শিশুদেরকে সঠিকভাবে লালন-পালনের গুরুত্ব | অংশগ্রহণমূলক আলোচনা /প্রশ্ন-উত্তর<br>দলগত কাজ ও আলোচনা | ইজেল বোর্ড<br>পোস্টার পেপার<br>মার্কার/<br>মাস্কিং টেপ | |
| ১১.০০ | **চা বিরতি: ১৫ মিনিট** | | | |
| ১১.১৫ | **সেশন-২:**<br>• পরিবারে ও সমাজে শিশুর লালন-পালন ও শিশুর বিকাশে দায়িত্ব ও কর্তব্য<br>• শিশুর লালন-পালন ও শিশুর বিকাশ সংক্রান্ত কোন্‌টি করণীয় এবং কোন্‌টি বর্জনীয় | অংশগ্রহণমূলক আলোচনা /প্রশ্ন-উত্তর<br>দলগত কাজ ও আলোচনা | ইজেল বোর্ড<br>পোস্টার পেপার<br>মার্কার/মাস্কিং টেপ | |
| ০১.০০ | **মধ্যাহ্ন বিরতি: ১ ঘন্টা** | | | |
| ২.০০ | **সেশন-৩:**<br>• শিশুর লালন-পালন ও শিশুর বিকাশের লক্ষ্যে সম্ভাব্য চ্যালেঞ্জসমূহ<br>• চ্যালেঞ্জ মোকাবেলা করার উপায়সমূহ | অংশগ্রহণমূলক আলোচনা /প্রশ্ন-উত্তর, দলগত কাজ ও আলোচনা | ইজেল বোর্ড<br>পোস্টার পেপার<br>মার্কার/মাস্কিং টেপ | |
| ৩.০০ | সমাপনী সেশন:<br>• সারাদিনের আলোচনার উপর পর্যালোচনা ও সার-সংক্ষেপ<br>• সমাপনী | অংশগ্রহণমূলক আলোচনা /প্রশ্ন-উত্তর | | |

# প্রারম্ভিক সেশন

## প্রশিক্ষণ কর্মশালার সূচনা, পরিচয় পর্ব, প্রশিক্ষণের নিয়মাবলী ও প্রত্যাশা যাচাই

**মোট সময়: ১ ঘন্টা**

---

**প্রশিক্ষণ কক্ষের প্রস্তুতি:**

অংশগ্রহণকারীদের অর্ধ-বৃত্তাকারে বসতে সহায়তা করুন। প্রশিক্ষণ কক্ষের পরিষ্কার-পরিচ্ছন্নতা, আলো-বাতাস পর্যাপ্ত আছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হোন। প্রশিক্ষণের উপকরণাদি তৈরি আছে কিনা দেখে নিন।

**অংশগ্রহণকারীদের নিবন্ধন: সময়: ১৫ মিনিট**

অংশগ্রহণকারীদের নাম নিবন্ধন করতে সহায়তা করুন। সকলের নাম-ঠিকানা, বর্জ্য সংগ্রহ ও গৃহস্থালী কাজের বাইরে অন্য কোন আয়মূলক কাজে নিয়োজিত আছেন কিনা সে বিষয়ে জানুন ও লিখতে সহায়তা করুন।

**স্বাগত বক্তব্য: সময়: ৫ মিনিট**

অংশগ্রহণকারীদেরকে স্বাগত জানান। তাদেরকে প্রশিক্ষণের উদ্দেশ্যসমূহ বুঝিয়ে বলুন। উদ্দেশ্যাবলী সম্পর্কে সকলের পরিষ্কার ধারণা হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হোন। তারা না বুঝে থাকলে পুনরায় বুঝিয়ে বলুন।

**পরিচয় পর্ব: সময়: ১৫ মিনিট**

অংশগ্রহণকারীদের সাথে পরিচিত হোন। পরিচয় পর্বে অংশগ্রহণকারীগণ তাদের নিজ নিজ পরিচিতি তুলে ধরবেন। এই পর্বে দুজন করে একটি দল গঠন করে একে অপরের পরিচয় জেনে ও তা উপস্থাপন করলে নিজেদের জড়তা অনেকখানি দূর হবে এবং প্রশিক্ষণ কক্ষে তারা অনেকটা স্বাচ্ছন্দ্য বোধ করবেন। পরিচয়ের ক্ষেত্রে অন্যান্য অংশগ্রহণমূলক পদ্ধতিও অনুসরণ করা যেতে পারে।

**প্রশিক্ষণকালীন পালনীয় বিষয়াদি: সময়: ৫ মিনিট**

প্রশিক্ষণকালীন সময়ে সকলের জন্য পালনীয় কিছু বিষয়াদি সংক্ষেপে আলোচনা করুন। এসব নিয়মাবলী পালনের ব্যাপারে সকলকে অনুরোধ করা যেতে পারে। মনে রাখতে হবে, বর্জ্যজীবী পরিবার থেকে আসা অংশগ্রহণকারীগণ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের নিয়ম-কানুনের ব্যাপারে খুবই অনভিজ্ঞ। সুতরাং, কোন ধরনের কঠোরতম পালনীয় বিষয়াদি তাদের উপর চাপিয়ে দেয়া যুক্তিসঙ্গত হবে না।

**অংশগ্রহণকারীদের কাছ থেকে প্রত্যাশা:** **সময়: ১০ মিনিট**

অংশগ্রহণকারীদেরকে বুঝিয়ে বলুন এই প্রশিক্ষণের থেকে তাদের বিশেষ কিছু জানার আছে কিনা। তাদের কথা ধৈর্য্য সহকারে শুনুন। তাদের কাছ থেকে আসা উত্তর একটি পোস্টার পেপারে লিখে প্রশিক্ষণ কক্ষের দেয়ালে ঝুলিয়ে রাখুন।

**প্রশিক্ষণ সহায়কের প্রত্যাশা:** **সময়: ৫ মিনিট**

প্রত্যাশা যাচাই পর্ব শেষে অংশগ্রহণকারীদেরকে বলুন যে, এটি একটি অংশগ্রহণমূলক প্রশিক্ষণ কর্মশালা। এই কর্মশালায় সকলের অংশগ্রহণ জরুরী। সুতরাং, প্রশিক্ষণ কর্মশালার প্রতিটি সেশনের ওপর আলোচনায় সকলকে অংশগ্রহণ করতে ও নিজ নিজ অভিজ্ঞতার কথা বলতে অনুরোধ করুন। তাদেরকে বলুন যে, নতুন কিছু জানতে চাইলে নি:সংকোচে প্রশ্ন করা যেতে পারে এবং আলোচনা বুঝতে না পারলে হাত তুলে সহায়কের দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে।

প্রত্যাশা যাচাই পর্ব শেষে অংশগ্রহণকারীদের সাথে প্রশাসনিক ও অর্থ সংক্রান্ত কোন বিষয় আলোচনা করার থাকলে (যেমন- প্রশিক্ষণ সম্মানী) তা উত্থাপন করুন।

**প্রশিক্ষণ সূচির উপর সংক্ষিপ্ত আলোচনা:** **সময়: ৫ মিনিট**

অংশগ্রহণকারীদেরকে বলুন যে, এই প্রশিক্ষণে কী কী বিষয় নিয়ে আলোচনা করা হবে সে বিষয়ের উপর এখন সংক্ষিপ্ত আলোচনা করা হবে। প্রশিক্ষণার্থীদের কাছে সেশন সূচির আলোচ্য বিষয়াদি তুলে ধরুন এবং তাদের কোন প্রশ্ন থাকলে যথাযথ উত্তর দিন।

# সেশন-১

# বর্জ্যজীবী পরিবারের শিশুদেরকে সঠিকভাবে লালন-পালনের গুরুত্ব

**মোট সময়: ১ ঘন্টা**

---

**সেশন-১ এর উদ্দেশ্যাবলী:**

সেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. শিশুর লালন-পালন ও শিশুর বিকাশের গুরুত্ব সম্পর্কে জানতে পারবেন।

২. শিশুর লালন পালন ও বিকাশের বিভিন্ন দিক সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন

**উপকরণ** : বোর্ড, পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, পোস্টার।

**পদ্ধতি** : অংশগ্রহণমূলক আলোচনা, প্রশ্নোত্তর, দলগত আলোচনা।

---

সেশন-১ এর শুরুতে প্রশিক্ষণের উদ্দেশ্যাবলী সম্পর্কে অংশগ্রহণকারীদেরকে অবহিত করুন। এই সেশনে যে সকল বিষয়ের উপর আলোচনা করা হবে সেগুলো বুঝিয়ে বলুন। তাদের কোন প্রশ্ন থাকলে উত্তর দিন।

আলোচনার বিষয়-১ বর্জ্যজীবী পরিবারের শিশুদেরকে সঠিকভাবে লালন-পালনের গুরুত্ব
(আলোচনা, প্রশ্ন-উত্তর) সময়: ৬০ মিনিট

# সমাপনী সেশন

## প্রশিক্ষণ কর্মশালায় আলোচিত বিষয়বস্তুর সার-সংক্ষেপ ও সমাপনী আলোচনা

**মোট সময়: ৩০ মিনিট**

---

সমাপনী সেশনের **উদ্দেশ্যাবলী:**

সমাপনী সেশন **শেষে অংশগ্রহণকারীগণ-**

১. বর্জ্য সম্পদ সংগ্রহকারীদের স্বাস্থ্য ঝুঁকি ও স্বাস্থ্যগত নিরাপত্তা সংক্রান্ড় একদিনের প্রশিক্ষণ কার্যক্রমের আলোচিত বিষয়াদির সার-সংক্ষেপ সম্পর্কে জ্ঞাত হতে পারবেন।

**উপকরণ :** বোর্ড, পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, পোস্টার, চার্ট।

**পদ্ধতি :** আলোচনা, পর্যালোচনা ও প্রশ্নোত্তর।

---

সমাপনী সেশনের শুর্বতে সেশনের উদ্দেশ্যাবলী সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে অবহিত কর্বন। এই সেশনে কী বিষয়ের উপর আলোচনা করা হবে সেটি বুঝিয়ে বলুন। তাদের কোন প্রশ্ন থাকলে উত্তর দিন।

আলোচনার বিষয়: **দিনের আলোচনার সার-সংক্ষেপ**
(অংশগ্রহণমূলক আলোচনা, পর্যালোচনা ও প্রশ্ন-উত্তর) সময়: ২০ মিনিট

দিনের সেশনগুলোতে যে সকল বিষয়ের উপর আলোচনা হয়েছে সেগুলোর সার-সংক্ষেপ করার জন্য প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে এক-দুইজনকে আহবান কর্বন। তাদের সার-সংক্ষেপ উপস্থাপনকালে সহায়তা কর্বন যাতে তারা আলোচনা ক্ষেত্রে স্বাচ্ছন্দ্য বোধ করেন। কোন বিষয় বাদ গিয়ে থাকলে সে ব্যাপারে নিশ্চিত হোন। এই একদিনের প্রশিক্ষণ কার্যক্রম কেমন লাগলো সে ব্যাপারে সকলের কাছ থেকে জানুন। আলোচনার বিষয়াদি বুঝতে কারো কোন সমস্যা হয়েছিল কিনা সে ব্যাপারে জানুন। সবশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সারাদিনের আলোচনার উপর সার-সংক্ষেপ শেষ কর্বন।

সমাপনী আলোচনা
(অংশগ্রহণমূলক আলোচনা, প্রশ্ন-উত্তর) সময়: ১০ মিনিট

প্রশিক্ষণার্থীদেরকে সমাপনী আলোচনায় আহবান করুন। তাদের মধ্যে থেকে দু'এজনকে প্রশিক্ষণের অভিজ্ঞতা বর্ণনা করার জন্য আহবান করুন। তাদের অভিজ্ঞতার বর্ণনা প্রয়োজনে লিখে রাখুন। তাদেরকে এই প্রশিক্ষণে সময়মত উপস্থিত হওয়ার জন্য এবং প্রাণবন্ত আলোচনায় অংশ নেয়ার জন্য আবারও ধন্যবাদ জানিয়ে বর্জ্য সম্পদ সংগ্রহকারীদের স্বাস্থ্য ঝুঁকি ও স্বাস্থ্যগত নিরাপত্তা সংক্রান্ত একদিনের প্রশিক্ষণ কার্যক্রমের সমাপ্তি টানুন।

সমাপ্ত